দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 09 JUL 1988
পৃষ্ঠা ... 5 কলাম 3

৫৬

## বিটিভিতে পথকলিদের অনুষ্ঠান

মহামান্য রাষ্ট্রপতি অবহেলিত টোকাইদের পথকলি নামে চিহ্নিত করে সম্মানিত করেছেন। শুধু তাই নয়, তিনি তাদের সুশিক্ষা লাভেরও পদক্ষেপ গ্রহণ করেছেন। সীমিত হলেও এই ব্যবস্থা নিঃসন্দেহে প্রশংসনীয়। এবং এটা দরিদ্র শিশুদের প্রতি রাষ্ট্রপতির গভীর মমত্ববোধেরই পরিচায়ক।

দেশের কোটি কোটি দরিদ্র অসহায় শিশুকে যথাযথভাবে গড়ে তোলা সরকারের একার পক্ষে সম্ভব নয়। এজন্য দরকার সামাজিক সচেতনতা। আর এ ব্যাপারে জাতীয় প্রচার মাধ্যম বিটিভি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে টিভিতে দরিদ্র শিশুদের জন্য কোন অনুষ্ঠান প্রচার করা হয় না। টিভিতে উচ্চপদস্থ কর্মকর্তা ও ধনাঢ্য পরিবারের মুষ্টিমেয় কিছু শিশুরাই দিনের পর দিন অনুষ্ঠান করছে। এবং অনুষ্ঠানে আসছে জাতীয় প্রচার মাধ্যমের এ ধরনের একপেশে নীতি সমর্থনযোগ্য নয়।

তাই রাষ্ট্রপতি সম্ভাবিত পথকলিরা যাতে ফুল হয়ে প্রস্ফুটিত হয়ে একদিন সুভাস ছড়াতে পারে সে জন্য সমাজ সচেতনতা সৃষ্টির লক্ষ্যে অচিরেই বিটিভি কর্তৃপক্ষ 'পথকলিদের আসর' নামে একটি সাপ্তাহিক অনুষ্ঠান প্রচার শুরু করলে এটাই কাম্য।

সুনাগরিক,
মিরপুর–১১, ঢাকা।